

<input type="checkbox"/> জেলা প্রশিক্ষক অফিসার	<input type="checkbox"/> জরুরী পেশা কর্তৃক
<input checked="" type="checkbox"/> এডিডি (পশু/পিপি/উদ্যান)	<input type="checkbox"/> রিপোর্ট প্রস্তুত করণ
<input type="checkbox"/> কৃষি প্রকৌশলী	<input checked="" type="checkbox"/> উপজেলায় প্রেরণ করণ
<input checked="" type="checkbox"/> এসএএও (স্বাস্থ্য)	<input type="checkbox"/> আলাপ করণ
<input type="checkbox"/> প্রধান সহকারী	<input type="checkbox"/> নথিজাত করণ
<input type="checkbox"/> গুদাম রক্ষক	<input type="checkbox"/> গার্ড ফাইলে সংরক্ষণ
<input type="checkbox"/> ক্যাশিয়ার	<input type="checkbox"/> করণ
<input type="checkbox"/> অফিস সহকারী	
<input type="checkbox"/> অন্যান্য	

ডায়েরি নং: ৪৬৬ স্বাক্ষর
তারিখ: ২৩/০৮/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
www.dae.gov.bd

স্মারক নং- ১২.১০.০০০০.১৬৬.৯৯.০০৪.১৯.৯১৯১ / ০৫৬

তারিখ: ২৩/০৮/২০২৬ খ্রি.

বিষয়ঃ চলমান রবি মৌসুমে বোরো ধান কর্তন জোরদারকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে মাঠে বোরো ধান কর্তন পর্যায়ে রয়েছে। আবহাওয়ার পূর্বাভাস এবং বিগত কিছুদিন এর আবহাওয়ায় লক্ষ্য করা যাচ্ছে যে, হাওরসহ বিভিন্ন জেলায় ঝড়, শিলাবৃষ্টি, ঝড়ো আবহাওয়া, উজানের পানির ঢল হয়েছে এবং সামনের দিনগুলোতে এর সম্ভাবনা রয়েছে। বোরো ধানসহ মাঠের দন্ডায়মান ফসলের ক্ষতিসাধন হয়েছে। বিভিন্ন জেলা বিশেষ করে হাওর এলাকার ধান ৮০% পরিপক্ব হলেই দ্রুততার সহিত কর্তন করা প্রয়োজন। রিপার, কন্সট্রাক্টর হার্ডটোর এর সাথে ধান কাটার শ্রমিক এর ও ব্যবস্থা রাখা প্রয়োজন। বিশেষ করে হাওর এলাকায় ধান কাটার শ্রমিক বিভিন্ন জেলা হতে আনয়ন কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে করা প্রয়োজন। দ্রুততম ও সঠিক সময়ের মধ্যে ধান কর্তন সম্পন্ন করার নিমিত্তে আবহাওয়ার পূর্বাভাস অবহিত করা, প্রয়োজনবোধে মাইকিং করা, প্রচার প্রচারণা চালানো, রিপার, কন্সট্রাক্টর হার্ডটোর, মাড়াই যন্ত্র, পাওয়ার থ্রেসার ইত্যাদির সংস্থান রাখা, ধান কাটার শ্রমিক পর্যাণ্ড রাখার ব্যবস্থা করা, সকল সহযোগি সংস্থার সাথে সমন্বয় সাধন করা, সর্বোপরি ধান কর্তন দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়নে প্রয়োজনীয় সকল কর্মকর্তা পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

বোরো ধান কাঙ্ক্ষিত সময়ে কর্তন বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে সকল স্তরের (অতিরিক্ত পরিচালক, উপপরিচালক, উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসারসহ সংশ্লিষ্ট সকল) কর্মকর্তাদের কর্মস্থলে অবস্থানপূর্বক প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরী

(Signature)
২৩/০৮/২৬
(মো: ওবায়দুর রহমান মন্ডল)
পরিচালক
ফোনঃ ৫৫০২৮৪০৩

প্রাপক

০১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... অঞ্চল।
০২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... জেলা।
০৩. উপজেলা কৃষি অফিসার, উপজেলা।

অনুলিপি সদয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
নারায়ণগঞ্জ।

স্মারক নং-১২.১৭.৬৭০০.০৪১.১৬.০৪৯.২১. ০০৭ (৫)

তারিখঃ ২৭/৮/২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো : -

- ১। উপজেলা কৃষি অফিসার, সদর, বন্দর, সোনারগাঁ, আড়াইহাজার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। আপনাকে বর্ণিত পত্রের মর্মমুখ্যায়ী ও দিক নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(Signature)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
নারায়ণগঞ্জ